

চিকুনগুনিয়া আপডেট ইস্যু নং-৯, তারিখ: ১১ জুলাই, ২০১৭

জাতীয় চিকুনগুনিয়া পরিস্থিতি পর্যবেক্ষণ কমিটির জরুরী সভা

গতকাল ১০ জুলাই, ২০১৭ খ্রীঃ স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ এর সভাপতিত্বে জাতীয় চিকুনগুনিয়া পরিস্থিতি পর্যবেক্ষণ কমিটির এক জরুরী সভা রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউটের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অন্যান্যের মধ্যে স্বাস্থ্য অধিদপ্তরের বিভিন্ন বিভাগের পরিচালকগণ, আইইডিসিআর-এর পরিচালক অধ্যাপক ডাঃ মৌরজাদী সের্বিনা ফ্লোরা, নাগরিক সমাজের প্রতিনিধি সৈয়দ আবুল মকসুদ, বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও সিডিসি আটলান্টার প্রতিনিধি, জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডাঃ এ এম জাকির হোসেন, বাংলাদেশ মেডিসিন সোসাইটির সভাপতি অধ্যাপক ডাঃ খান আবুল কালাম আজাদ উপস্থিত ছিলেন। এছাড়াও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অধ্যাপক কবিরুল বাসারসহ দেশের তিনজন বিশিষ্ট কীটতত্ত্ববিদ আলোচনায় অংশগ্রহণ করেন।



এ সভায় সারাদেশে চিকুনগুনিয়া রোগের প্রাদুর্ভাবের সর্বশেষ পরিস্থিতি পর্যালোচনা করে আতঙ্কিত হওয়ার মত পরিস্থিতির সৃষ্টি হয়নি বলে অভিমত ব্যক্ত করা হয়। জ্বর হলেই জনমনে চিকুনগুনিয়া বলে আতঙ্ক ছড়িয়ে পড়ছে, কিন্তু সম্প্রতি ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের পর্যবেক্ষণ অনুযায়ী প্রতি ১১ জন জ্বরের রোগীর মধ্যে একজন চিকুনগুনিয়ার রোগী। সভায় পরিস্থিতি নিয়ন্ত্রণে এ পর্যন্ত গৃহীত কার্যক্রমের ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

স্বাস্থ্য অধিদপ্তর হতে ইতোমধ্যে গৃহীত বিভিন্ন কার্যক্রমের ব্যাপারে সভাপতি সকলকে অবগত করেন। এ সকল কার্যক্রমের মধ্যে চিকুনগুনিয়া রোগের চিকিৎসার গাইডলাইন প্রণয়ন ও প্রশিক্ষণ প্রদান, বিভিন্ন স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় বারো হাজার শিক্ষার্থীর মাধ্যমে ঢাকা শহরে জনসচেতনতা তৈরী ও মশার আবাসস্থল ধ্বংস করণ, গণমাধ্যম কর্মীসহ সমাজের বিভিন্ন স্তরের মানুষের সাথে চিকুনগুনিয়ার ব্যাপারে মতবিনিময় সভা আয়োজন, সর্বস্তরে জনসচেতনতা তৈরীর জন্য গণমাধ্যমে “চিকুনগুনিয়া ও ডেঙ্গু” রোগের প্রতিরোধে প্রচার, আইইডিসিআর-এ “চিকুনগুনিয়া নিয়ন্ত্রণকক্ষ” খোলা, এপিডেমিওলজিক্যাল ও এন্টোমোলজিক্যাল জরীপ পরিচালনা, সারাদেশের সকল মেডিকেল কলেজ হাসপাতালসহ উপজেলা ও জেলা সদর হাসপাতাল সমূহে চিকুনগুনিয়া পরিস্থিতি মোকাবিলায় হেল্প ডেস্ক ও চিকুনগুনিয়া পরবর্তী গিটে ব্যথা চিকিৎসার জন্য Arthralgia Clinic খোলা উল্লেখযোগ্য। চিকুনগুনিয়া পরিস্থিতি নিয়ন্ত্রণে এ পর্যন্ত গৃহীত কার্যক্রমের ব্যাপারে সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

গভায় নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

- পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সকল সিভিল সার্জন অফিস ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সম্ভাব্য চিকুনগুনিয়া রোগীর হালনাগাদ তথ্য চিকুনগুনিয়া নিয়ন্ত্রণ কক্ষে নিয়মিত প্রেরণ অব্যাহত রাখবে।

- সকল সিটি কর্পোরেশন ও পৌরসভা, স্বাস্থ্য বিভাগ ও বিশিষ্ট কীটতত্ত্ববিদদের সাথে সমন্বিত ভাবে মশা নিয়ন্ত্রণে একযোগে কাজ করবে।
- চিকুনগুনিয়ার পাশাপাশি ডেঙ্গু পরিস্থিতিও নিবিড় ভাবে পর্যবেক্ষণ করা হবে।
- মেডিসিন সোসাইটি স্বাস্থ্য বিভাগের সাথে সমন্বয় করে জেলা/ উপজেলা পর্যায়ে চিকিৎসকদের প্রশিক্ষণ প্রদান ও জনসচেতনতা সৃষ্টির জন্য সেমিনার আয়োজন করবে।
- বর্ষা ও তার পরবর্তী সময়ে জনসচেতনতা কার্যক্রম অব্যাহত থাকবে।
- সামাজিক সংগঠন সমূহকে জনসচেতনতা কার্যক্রমে সম্পৃক্ত করা হবে।
- জাতীয় পর্যায়ে গঠিত এই কমিটি থেকে একটি সাব-কমিটি দেশের বিভিন্ন এলাকায় পরিস্থিতি সরেজমিনে পর্যবেক্ষণ করবে এবং জনসচেতনতা মূলক কার্যক্রমে অংশ গ্রহণ করবে। “জ্বর মাত্রই চিকুনগুনিয়া নয়” এবং “চিকুনগুনিয়া কোন মারাত্মক রোগ নয়” এ ধরনের জনসচেতনতা মূলক বার্তা প্রচার করবেন।

উল্লেখ্য, স্বাস্থ্য অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাসহ নাগরিক সমাজের প্রতিনিধি, শিক্ষাবিদ, কীটতত্ত্ববিদগণের সমন্বয়ে ৩০ সদস্য বিশিষ্ট চিকুনগুনিয়া পরিস্থিতি পর্যবেক্ষণে এই কমিটি গঠন করা হয়।

ঢাকা মেডিকেল কলেজে চিকুনগুনিয়া রোগ পরবর্তী গিরা ব্যথার জন্য Arthralgia ক্লিনিক

ঢাকা মেডিকেল কলেজের মেডিসিন বিভাগে Arthritis একং Arthralgia ক্লিনিক চালু রয়েছে। সম্ভাব্য চিকুনগুনিয়ায় আক্রান্ত ব্যক্তির যদি জ্বর পরবর্তী গিটে ব্যথা বা গিরা ফোলা সংক্রান্ত সমস্যা থাকে এই ক্লিনিক থেকে সেবা গ্রহণ করতে পারে। ক্লিনিকটি ঢাকা মেডিকেল কলেজের দ্বিতীয় ভবনে সপ্তাহের ৩ দিন সকাল ৯টা হতে দুপুর ১টা পর্যন্ত চালু থাকে।

Arthralgia ক্লিনিক, ভবন-২

শনিবার : রুম নং ৪২৪

রবিবার : রুম নং ৫৩০

বুধবার : রুম নং ৪২৪

সময় : ৯:০০ থেকে ১৩:০০

হটলাইন ও আপডেট

গতকাল ১০ই জুলাই বিকেল ৫টা পর্যন্ত ৮৯ জন হটলাইন থেকে এবং ২২ জন ব্যক্তি সরাসরি উপস্থিত হয়ে বিভিন্ন তথ্য জানতে চান। তারা বেশীরভাগ ঢাকা থেকে এবং এছাড়া বরগুনা, বগুড়া ও চট্টগ্রাম জেলা থেকে যোগাযোগ করেন। ১০ই জুলাই পর্যন্ত আইইডিসিআর ল্যাবরেটরীতে নিশ্চিত চিকুনগুনিয়া রোগীর সংখ্যা ৬২৫।

চিকুনগুনিয়া সম্বন্ধে বিস্তারিত জানতে এই ওয়েবসাইট ভিজিট করুন- www.iedcr.gov.bd অথবা হটলাইন নাম্বার ০১৯৩৭১১০০১১, ০১৯৩৭০০০০১১ ফোন করুন।

